

সদয় দৃষ্টি আকর্ষণ : সম্পাদক
সকল জাতীয় দৈনিক

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর নিম্নোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার স্বনামধন্য পত্রিকায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

প্রকৌঃ শামীম আহসান চৌধুরী
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি)

ডেসকো'র উদ্যোগে জাতীয় শোক দিবস ২০২১ পালিত

স্বাধীনতার মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব এর ৪৬তম শাহাদত বার্ষিকী এবং ১৫ই আগস্ট এর সকল শহীদের স্মরণে 'জাতীয় শোক দিবস' উপলক্ষে ১৫ই আগস্ট ২০২১ তারিখে ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড কর্তৃক ডেসকোর সদর দপ্তর থেকে ভার্সুয়াল প্ল্যাটফর্মে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক মোঃ কাওসার আমীর আলী, অনুষ্ঠানের প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন স্বাধীনতা পদক প্রাপ্ত মুক্তিযোদ্ধা লেঃ কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির, বীর প্রতীক, ডেসকো বোর্ডের চেয়ারম্যান এবং অতিরিক্ত সচিব প্রকৌঃ শেখ ফয়েজুল আমীন, পিইঞ্জ, প্রধান অতিথি হিসেবে ভার্সুয়াল মাধ্যমে উক্ত আলোচনা সভা ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন। ডেসকো পরিচালনা পর্ষদের সম্মানিত সদস্যগণও ভার্সুয়াল মাধ্যমে উক্ত আলোচনা সভা ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন। ডেসকো'র ১৬টি বিক্রয় ও বিতরণ বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণ ভার্সুয়াল মাধ্যমে শোক দিবসের আলোচনা সভা ও দোয়া মাহফিলে যুক্ত ছিলেন।

অনুষ্ঠানের প্রধান আলোচক বঙ্গবন্ধুর গৌরবগাথা জীবন ও স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠায় তার রাজনৈতিক দর্শনের উপর আলোকপাত করেন এবং নুতন প্রজন্মকে সঠিক ইতিহাস জানানোর অনুরোধ করেন। আলোচনা সভায় ডেসকো'র নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব), নির্বাহী পরিচালক (এইচআর), ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, ডেসকো বোর্ডের পরিচালকবৃন্দ এবং ডেসকো বোর্ডের চেয়ারম্যান মহোদয় জাতীয় শোক দিবসের প্রেক্ষাপট তুলে ধরেন এবং জাতির পিতার বর্ণাঢ্য জীবন ও কর্মকাণ্ডের ওপর আলোচনা করেন। আলোচনা শেষে জাতির পিতা ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনা এবং দেশের শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

এছাড়াও জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ই আগস্ট ২০২১ তারিখে ডেসকো'র পক্ষ থেকে নিকুঞ্জস্থ আল মাদরাসাতুল নূরিয়া ও এতিমখানায় পবিত্র কোরআন খতম, দোয়া মাহফিল ও মাদরাসার এতিম ছাত্রদের জন্য উন্নতমানের খাবারের আয়োজন করা হয়।

সংযুক্তি : দোয়া মাহফিল ও শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপনের ছবি।